

৩২। পরীক্ষার্থী কর্তৃক নিম্নবর্ণিত অবৈধ কার্যকলাপগুলো অপরাধ বলে গণ্য হবে যার শাস্তিমূলক ব্যবস্থা নিম্নরূপ :

ক্রমিক নং	পরীক্ষার্থী কর্তৃক নিম্নে বর্ণিত অবৈধ কার্যকলাপ অপরাধ বলে গণ্য হবে	শাস্তির ধরণ	শাস্তি মূলক ব্যবস্থার বিবরণ
১	মোবাইল ফোন নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করলে বা পাওয়া গেলে	‘ক’	ঐ বছরের পরীক্ষা বাতিল।
২	পরীক্ষা কক্ষে এদিক-ওদিক তাকানো, একে অন্যের সাথে কথা বলা বা কথা বলে লিখা।		
৩	কেন্দ্র কর্তৃক সরবরাহকৃত প্রশ্নপত্র, উত্তরপত্র ইত্যাদি ছাড়া অন্যকোন প্রকার লিখিত বা মুদ্রিত যেকোন প্রকার দোষণীয় কাগজপত্র সাথে রাখা বা তা দেখে নকল করা।		
৪	ডেস্কে/বেঞ্চে, হাতে, কাপড় বা অন্য কোথাও পিছনের অথবা পার্শ্বের অথবা সামনে দেয়ালে অথবা স্কেলে কিছু লিখা থাকা (পরীক্ষা কক্ষে পরীক্ষার্থীর আসনে কিংবা সামনে/পিছনে/পার্শ্বের দেয়ালে অথবা স্কেলে কোন কিছু লিখা থাকলে তা পরীক্ষার বিষয়বস্তুর সঙ্গে সম্পর্কিত হলে কর্তব্যরত কক্ষ প্রত্যবেক্ষক তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করবেন। ঐরূপ লিখা হতে পরীক্ষার্থী কিছু লিখে থাকলে দোষণীয় কাগজপত্র সঙ্গে রাখার অপরাধে অপরাধী হবে।) এ ক্ষেত্রে যে অংশ নকল করেছে উত্তরপত্রের সে অংশ লাল কালি দিয়ে নিম্নরেখা (Underline) করতে হবে।		
৫	লিথোকোড পরিবর্তন করা।		
৬	অন্যের লিখা উত্তরপত্র দেখে নকল করা এবং ইচ্ছাকৃতভাবে কেহ উত্তরপত্র দেখাচ্ছে এমন প্রমাণিত হলে তার বিরুদ্ধেও সমান শাস্তির সুপারিশ করতে হবে। উভয়ের সংশ্লিষ্ট অংশ লাল কালি দ্বারা নিম্নরেখা (Underline) করতে হবে।		
৭	পরীক্ষা কক্ষে যেকোন ধরনের অপরাধ করতে সাহায্য করা।		
৮	মোবাইলে বা যে কোন ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস সঙ্গে থাকলে বা SMS/MMS এর মাধ্যমে পরীক্ষার বিষয় সম্পর্কিত কোন কিছু লিখা থাকলে কিংবা ঐসব ইলেক্ট্রনিক ডিভাইসে প্রশ্নের উত্তরের সাথে সংগতিপূর্ণ কোন তথ্য সংরক্ষিত থাকলে কর্তব্যরত কক্ষ প্রত্যবেক্ষক তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবেন।		

ক্রমিক নং	পরীক্ষার্থী কর্তৃক নিম্নে বর্ণিত অবৈধ কার্যকলাপ অপরাধ বলে গণ্য হবে	শাস্তির ধরণ	শাস্তি মূলক ব্যবস্থার বিবরণ
৯	উত্তরপত্রে প্রশ্নপত্রের সম্পর্ক বিবর্জিত আপত্তিকর কিছু লিখা অথবা অযৌক্তিক মন্তব্য বা অনুরোধ করা।	'খ'	ঐ বছরের পরীক্ষা বাতিল এবং পরবর্তী এক বছরের জন্য পরীক্ষা দেয়ার অনুমতি পাবে না।
১০	পরীক্ষা কক্ষে বাধা বিঘ্ন সৃষ্টি করা বা গোলযোগ করা।		
১১	দোষণীয় কাগজপত্র কক্ষ প্রত্যবেক্ষককে না দিয়ে তা নাগালের বাইরে ফেলে দেয়া বা গিলে খাওয়া।		
১২	একই উত্তরপত্রে দুই রকম/দুই ব্যক্তির হাতের লিখা থাকা।		
১৩	প্রশ্নপত্র বা সাদা উত্তরপত্র বাইরে পাচার করা।		
১৪	কক্ষ প্রত্যবেক্ষক বা সংশ্লিষ্ট অন্যকোন কর্মকর্তা/কর্মচারীকে গালাগালি বা ভীতি প্রদর্শন করা।		
১৫	অন্যের সেট-এ পরীক্ষা দিলে/সেট কোড পরিবর্তন করলে বা পরীক্ষার্থীর প্রশ্নের সেট তার সাথে উত্তরপত্রের সেট এর মিল পাওয়া না গেলে।	'গ'	ঐ বছরের পরীক্ষা বাতিল এবং পরবর্তী দুই বছরের জন্য পরীক্ষা দেয়ার অনুমতি পাবে না।
১৬	কক্ষ প্রত্যবেক্ষকের নিকট উত্তরপত্র জমা না দিয়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করা।		
১৭	রোল নম্বর পরিবর্তন করা, পরস্পর উত্তরপত্র বিনিময় করা অথবা অন্যায়ভাবে হস্তক্ষেপ করা।		
১৮	কেন্দ্র কর্তৃক সরবরাহকৃত মূল উত্তরপত্রের পাতা পরিবর্তন করা।		
১৯	পরীক্ষা কক্ষে, কেন্দ্রের প্রাসনে বা কেন্দ্রের বাইরে কোন কক্ষ প্রত্যবেক্ষকের বা সংশ্লিষ্ট অন্যকোন কর্মকর্তা/কর্মচারীকে আক্রমণ করা বা আক্রমণের চেষ্টা করা, অস্ত্র প্রদর্শন করা।		
২০	পরীক্ষার্থী কর্তৃক পরীক্ষা ভবনের বাইরে অন্যের দ্বারা লিখিত উত্তরপত্র বা লিখিত অতিরিক্ত উত্তরপত্র দাখিল করা।		
২১	পরীক্ষার্থী নিজের পরীক্ষা দিতে অন্য ব্যক্তিকে নিযুক্ত করা।		
২২	নিয়ম বহির্ভূতভাবে পরীক্ষায় অংশগ্রহণ করা।		
২৩	পরীক্ষা কক্ষে কক্ষ পরিদর্শক এর একাধিক মোবাইল ফোন পাওয়া গেলে।	ঐ বছরের পরীক্ষার দায়িত্বসহ পরবর্তী দুই বছরের জন্য পরীক্ষার কোন দায়িত্ব পালন করতে পারবে না।	

৩৩। স্কুল থেকে কোন বিশেষ বছরের জন্য কোন পরীক্ষার্থী বোর্ডের পরীক্ষা দেয়ার অনুমতি পায়নি অথচ সে যদি অন্যকোন স্কুল থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে তবে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

৩৪। পরীক্ষার্থীর কোন অপরাধ উপর্যুক্ত কোন নিয়মের আওতায় না পড়লে বোর্ডের 'শৃঙ্খলা কমিটির' সুপারিশক্রমে এবং অপরাধের প্রকৃতি অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩৫।

৩৫.১. কোন পরীক্ষার্থীর ঐ বছরের পরীক্ষা বাতিল হয়ে যাবে এরূপ কোন অপরাধ করে থাকলে তাকে বহিষ্কার করতে হবে এবং পরবর্তী পত্রের পরীক্ষা আরম্ভ হবার পূর্বে কেন্দ্র সচিব পরীক্ষার্থীকে এ সিদ্ধান্ত সম্পর্কে জানিয়ে দিবেন।